# কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট অধিভুক্তি সংবিধি ২০১৮

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি
বাংলাদেশ

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট অধিভুক্তি সংবিধি, ২০১৮

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৭ নং আইন) এর ধারা ৫০(১)-এর সহিত পঠিত উহার ধারা ৫(৩), ৩১ ও ৪৯ এবং প্রথম সংবিধির অনুচ্ছেদ ২৪-এ প্রদত্ত ক্ষমতাবলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ কর্তৃক এতদ্বারা নিম্নলিখিত সংবিধি প্রণয়ন করা হইল:

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন:-**

(১) এই সংবিধি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট অধিভুক্তি সংবিধি, ২০১৮ নামে অভিহিত হইবে;

(২) ইহা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর অধীন অধিভুক্ত হইতে আগ্রহী কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট-এর জন্য প্রযোজ্য হইবে;

(৩) এই সংবিধি অবিলম্বে কার্যকর হইবে।

২। **লক্ষ্য ও উদ্দেশ্য:-** মেরিটাইম সম্পর্কিত উচ্চ শিক্ষা, প্রশিক্ষণ, গবেষণা, আধুনিক জ্ঞানচর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে মেরিটাইম শিক্ষাসংশ্লিষ্ট বিভিন্ন কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট-এ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি প্রদানের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক অধিভুক্তি প্রদানপূর্বক সামগ্রিক শিক্ষার মান সমুন্নতকরণ।

৩। **সংজ্ঞা:-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই সংবিধিতে-

(১) 'অধিভুক্ত কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট' অর্থ এই সংবিধি অনুযায়ী বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত ও অধিভুক্ত সরকারি বা বেসরকারি কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট;

(২) 'অধ্যক্ষ, কমান্ড্যান্ট ও সমজাতীয় প্রতিষ্ঠান প্রধান' অর্থ



অধিভুক্ত কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট এর অধ্যক্ষ ও কমান্ড্যান্ট ও সমজাতীয় প্রতিষ্ঠান প্রধান;

(৩) 'অনুষদ ডিন' অর্থ বিএসএমআরএমইউ-এর অনুষদ ডিন;

(৪) 'অলাভজনক প্রতিষ্ঠান' অর্থ ব্যবসায়িক মুনাফা লাভের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত নহে এমন শিক্ষা প্রতিষ্ঠান;

(৫) 'আইন' অর্থ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন ২০১৩ (২০১৩ সনের ৪৭ নং আইন);

(৬) 'আসন সংখ্যা' অর্থ কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট এর জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত শিক্ষার্থীর আসন সংখ্যা;

(৭) 'অ্যাকাডেমিক কাউন্সিল' অর্থ বিএসএমআরএমইউ আইনের অধীন গঠিত বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল;

(৮) 'কলেজ, অ্যাকাডেমি বা ইন্সটিটিউট পরিদর্শক' অর্থ বিশ্ববিদ্যালয় আইনের ধারা ১৮-এর অধীন নিয়োগপ্রাপ্ত কলেজ, অ্যাকাডেমি বা ইন্সটিটিউট-এর পরিদর্শক, যাহা পরে, উক্ত অর্থে, 'ইন্সপেক্টর অব ইন্সটিটিউশনস' বা 'পরিদর্শক' বলিয়া উল্লেখ করা হইয়াছে;

(৯) 'পরীক্ষা নিয়ন্ত্রক' অর্থ বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক;

(১০) 'প্রো-ভাইস চ্যান্সেলর' অর্থ বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর;

(১১) 'বিএসএমআরএমইউ' অর্থ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ;

(১২) 'বিভাগ' অর্থ 'বিএসএমআরএমইউ'-এর অনুষদভুক্ত বিভাগ;

(১৩) 'বিভাগীয় প্রধান' অর্থ 'বিএসএমআরএমইউ'-এর অধিভুক্ত কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউটের বিভাগীয় প্রধান;

(১৪) 'বিশ্ববিদ্যালয়' অর্থ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ;

(১৫) 'বোর্ড অব গভর্নরস' অর্থ অধিভুক্ত কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউটের বোর্ড অব গভর্নরস;

(১৬) 'বোর্ড অব ট্রাস্টিজ' অর্থ এতৎসংক্রান্ত আইন অনুযায়ী প্রতিষ্ঠিত ও পরিচালিত বোর্ড অব ট্রাস্টিজ;

(১৭) 'ভাইস চ্যান্সেলর' অর্থ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর;

(১৮) 'সংবিধি (Statute)' অর্থ বিশ্ববিদ্যালয়ের আইনের অধীন প্রণীত সংবিধি;

(১৯) 'সিনেট' অর্থ বিশ্ববিদ্যালয়ের আইনের অধীন গঠিত সিনেট;

(২০) 'সিন্ডিকেট' অর্থ বিশ্ববিদ্যালয়ের আইনের অধীন গঠিত সিন্ডিকেট।

৪। **অধিভুক্তি মঞ্জুরির সাধারণ শর্তাবলী:-**

(১) অধিভুক্তির জন্য আবেদনকারী কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউটকে এই মর্মে নিশ্চয়তাপত্র প্রদান করিতে হইবে যে, তাহারা অধিভুক্ত বিষয়, কোর্স ও প্রোগ্রামে মানসম্মত শিক্ষা কার্যক্রম পরিচালনা করিতে সক্ষম;

(২) শিক্ষাকার্যক্রম অব্যাহতভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য সংশ্লিষ্ট কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট-এর পর্যাপ্ত পরিমাণ অর্থ ও অন্যান্য সম্পদ রহিয়াছে মর্মে প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে;

(৩) কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট একটি অলাভজনক প্রতিষ্ঠান হিসাবে যথাযথ ব্যবস্থাপনার অধীন সুষ্ঠুভাবে পরিচালিত হইবে মর্মে অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে;

(৪) কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট-এর কার্যক্রম পরিচালনার জন্য একটি বোর্ড অব গভর্নরস/ট্রাস্টিজ থাকিতে হইবে এবং অধিভুক্তি মঞ্জুর হওয়ার পর বিএসএমআরএমইউ এর ভাইস চ্যান্সেলর কর্তৃক একজন মনোনীত ব্যক্তিকে উক্ত বোর্ড অব গভর্নরস/ট্রাস্টিজ-এর সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে হইবে;

(৫) মহানগর এলাকায় ন্যূনতম ১.০০ (এক) একর, পৌরসভা এলাকায় ন্যূনতম ২.০০ (দুই) একর এবং পল্লী এলাকায় ন্যূনতম ৩.০০ (তিন) একর নিজস্ব জমির উপর একটি স্বাধীন ক্যাম্পাস থাকিতে হইবে এবং উক্ত জমির নিজস্ব মালিকানার সপক্ষে মূল দলিল-পত্রাদি/প্রত্যায়িত অথবা সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে;

(৬) পর্যাপ্ত আয়তনবিশিষ্ট শ্রেণিকক্ষ, ছাত্রদের কমনরুম, শিক্ষকদের জন্য এবং প্রশাসনিক কাজে ব্যবহারের নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক কক্ষ থাকিতে হইবে;



(৭) প্রশাসনিক কর্মকর্তা, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য পর্যাপ্ত আসবাবপত্র, গ্রন্থাগার এবং পরীক্ষাগার ও সরঞ্জাম নিশ্চিত করিতে হইবে;

(৮) শিক্ষার্থীদের আবাসন ও তত্ত্বাবধানের ব্যবস্থা সন্তোষজনক হইতে হইবে;

(৯) শিক্ষার্থীদের জন্য আচরণ ও শৃঙ্খলাবিধি প্রণয়ন করিতে হইবে;

(১০) ইনডোর ও আউটডোর গেইমস-এর পর্যাপ্ত ব্যবস্থাসহ শিক্ষার্থীদের স্বাস্থ্য এবং চিত্তবিনোদনের যথাযথ ব্যবস্থা থাকিতে হইবে;

(১১) কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট-এর ১০ কিলোমিটারের মধ্যে কোনো চিকিৎসাকেন্দ্র ও হাসপাতাল না থাকিলে, একজন স্থায়ী মেডিক্যাল অফিসার নিয়োগ করিতে হইবে এবং জরুরিভিত্তিতে রোগী পরিবহনের জন্য সার্বক্ষণিক অ্যাম্বুল্যান্স/গাড়ির সুবিধা থাকিতে হইবে;

(১২) প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন পর্যাপ্ত সংখ্যক শিক্ষক থাকিতে হইবে এবং তাঁহাদের চাকুরির শর্তাবলি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে। প্রতিটি বিষয়ের জন্য প্রয়োজনীয় সংখ্যক যোগ্যতাসম্পন্ন শিক্ষক এবং প্রতিটি বিজ্ঞান বিষয়ের জন্য শিক্ষক ছাড়াও একজন ডেমোন্সট্রেটর নিযুক্ত থাকিতে হইবে;

(১৩) শিক্ষক এবং কর্মচারীদের আচারণ ও শৃঙ্খলা বিধি থাকিতে হইবে;

(১৪) স্বীকৃত অডিট প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত সর্বশেষ অডিটের প্রতিবেদন পেশ করিতে হইবে;

(১৫) কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউটের আর্থিক ও সামগ্রিক ব্যবস্থাপনার সন্তোষজনক অবস্থা ও স্বচ্ছতা নিশ্চিত করিবার জন্য একটি নিরীক্ষা ও কর্ম সম্পাদন প্রতিবেদন প্রতি বছর বিশ্ববিদ্যালয়ে পেশ করিতে হইবে।

৫। **অধিভুক্তি মঞ্জুরির অবকাঠামোগত ও একাডেমিক শর্তাবলি:-**

**(১) ক্যাম্পাস:**

(ক) কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট-এর একটি ক্যাম্পাসের জন্য অধিভুক্তি মঞ্জুর করা যাইতে পারে, তবে শর্ত থাকে যে, অনুমোদিত ক্যাম্পাসে সকল কোর্স পরিচালিত হইবে;

(খ) কোনো কলেজ/একাডেমি/ইন্সটিটিউট স্থানান্তর করিতে চাহিলে অথবা কোনো কোর্স/কোর্সের অংশ ক্যাম্পাসের বাহিরে

পরিচালনা করিতে চাহিলে বিএসএমআরএমইউ কর্তৃপক্ষ হইতে পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

(২) **শ্রেণিকক্ষ:**

(ক) একটি শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের সংখ্যা ৩০ জনের বেশি হইবে না, তবে বিশেষ ক্ষেত্রে শিক্ষার্থী সংখ্যা সর্বোচ্চ ৪০ জন হইতে পারে, এবং শ্রেণিকক্ষের আয়তন শিক্ষার্থীদের বসার জন্য পর্যাপ্ত হইতে হইবে;

(খ) কলেজ, অ্যাকাডেমি/ইন্সটিটিউটে অবশ্যই একটি অডিটোরিয়াম থাকিবে;

(গ) প্রত্যেক শ্রেণিকক্ষে হোয়াইট বোর্ডসহ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের জন্য কম্পিউটার এবং প্রজেক্টর এর ব্যবস্থা থাকিতে হইবে।

(৩) **ডাইনিং সুবিধা:** শিক্ষার্থীদের জন্য কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট এর অভ্যন্তরীণ ডাইনিং সুবিধা থাকিতে হইবে।

(৪) **গ্রন্থাগার:** ন্যূনতম ১২০ বর্গমিটার আয়তন এবং পর্যাপ্ত বইসংবলিত সুসজ্জিত গ্রন্থগার থাকিতে হইবে। রেফারেন্সবই/প্রকাশনাসহ গ্রন্থাগারে কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট কর্তৃক পরিচালিত সকল কোর্সের সিলেবাস/কারিকুলাম অনুযায়ী টেক্সট বইয়ের সরবরাহ থাকিতে হইবে। সাধারণ এবং ইলেকট্রনিক পত্রিকা ও ম্যাগাজিন থাকিবে। ক্লাস সময়ের পর কমপক্ষে অতিরিক্ত ২ ঘন্টা গ্রন্থাগার সুবিধা থাকিতে হইবে। লাইব্রেরি সায়েন্সে স্নাতক ডিগ্রীধারী দক্ষ লাইব্রেরিয়ান নিয়োগ করিতে হইবে। ডিজিটাল লাইব্রেরির সুবিধা পাওয়ার জন্য ই-লাইব্রেরি ও ডিজিটাল লাইব্রেরির ব্যবস্থা থাকিতে হইবে।

(৫) **ল্যাবরেটরি:** বিজ্ঞানের বিষয়গুলির জন্য পৃথক গবেষণাগারের ব্যবস্থা করাসহ পাঠ্যক্রম অনুযায়ী ব্যবহারিক ক্লাসের জন্য বৈজ্ঞানিক যন্ত্রপাতি, রাসায়নিক পদার্থ এবং অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম ও উপকরণ নিশ্চিত করিতে হইবে। ল্যাবরেটরির সুবিধা মোট শিক্ষার্থীর সংখ্যার সহিত সঙ্গতিপূর্ণ হইতে হইবে।

(৬) **ইন্টারনেট সুবিধা:** শিক্ষার্থীদের গবেষণা, শিক্ষা, সহশিক্ষা কার্যক্রম ও প্রশিক্ষণের জন্য ইন্টারনেটের ব্যবস্থা থাকিতে হইবে।



(৭) **ভৌত অবকাঠামো:** প্রয়োজনীয় রাস্তা এবং নারী শিক্ষার্থীসহ সকলের উপযোগী ভৌত অবকাঠামোর ব্যবস্থা থাকিতে হইবে।

(৮) **স্বাস্থ্যসেবা কেন্দ্র:** কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট-এ শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীগণকে প্রাথমিক চিকিৎসাসেবা প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক কক্ষ ও চিকিৎসা সরঞ্জামাদিসহ ডাক্তার এবং সহায়ক কর্মচারী থাকিতে হইবে।

(৯) **কমনরুম:** ছাত্র-ছাত্রীদের জন্য পৃথক কমনরুম এবং ইনডোর গেইমস এর সুবিধা থাকিতে হইবে।

৬। **অধিভুক্ত প্রতিষ্ঠানের শিক্ষক সম্পর্কিত শর্তাবলী:-**

(১) **যোগ্যতা:** টিওটি (Training of Trainer) সার্টিফিকেটসহ সকল শিক্ষকের বিএসএমআরএমইউ কর্তৃক নির্ধারিত যোগ্যতা এবং প্রাসঙ্গিক বিষয়ে দক্ষতা থাকিতে হইবে;

(২) **ভাষা দক্ষতা:** শিক্ষকদের ইংরেজিতে শুদ্ধ ও সাবলিল মৌখিক এবং লিখিত যোগাযোগে সক্ষম হইতে হইবে;

(৩) **নিয়োগ:** বিএসএমআরএমইউ কর্তৃক নির্ধারিত শর্ত মোতাবেক শিক্ষক নিয়োগ করিতে হইবে;

(৪) **ভিজিটিং শিক্ষক এবং অতিথি বক্তা:** শিক্ষকের স্বল্পতা থাকিলে ভিজিটিং শিক্ষক নিয়োগ দেওয়া যাইবে এবং বিশেষ প্রয়োজনে শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে অতিথি বক্তা আমন্ত্রণ করা যাইবে।

৭। **মেরিন/ফিশারিজ/নেভাল অ্যাকাডেমির জন্য বিশেষ শর্তাবলি:**

মেরিন অ্যাকাডেমি/ফিশারিজ অ্যাকাডেমি/নেভাল অ্যাকাডেমি/অনুরূপ যে সমস্ত মেরিটাইম ইন্সটিটিউট বিএসএমআরএমইউ এর অধিভুক্ত হইতে ইচ্ছুক, সেই সমস্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে উপরের শর্তসমূহ ছাড়াও নিম্নোক্ত বিশেষ শর্তাবলি প্রযোজ্য হইবে:

(১) মেরিন/ফিসারিজ অ্যাকাডেমি অথবা অনুরূপ ইন্সটিটিউট-এর অনুকূলে অবশ্যই ডাইরেক্টর জেনারেল, ডিপার্টমেন্ট অব শিপিং (DG, DoS) অথবা সংশ্লিষ্ট মন্ত্রণালয়-এর অনুমোদন থাকিতে হইবে;

(২) অ্যাকাডেমি/ইন্সটিটিউট এর নিজস্ব জমিতে ক্যাম্পাস ও অবকাঠামো থাকিতে হইবে এবং কোর্স ও শিক্ষার্থীর সংখ্যার উপর ভিত্তি করিয়া খেলাধুলার মাঠসহ বিনোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

(৩) অ্যাকাডেমি/ইন্সটিটিউটের নৌকাচালনা, সাঁতার কাটা, অগ্নিনির্বাপন ব্যবস্থা, ব্রিজ সিমুলেটর, ইঞ্জিনরুম ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা থাকিতে হইবে এবং ক্যাম্পাসের অভ্যন্তরে নৌকাচালনা ও সাঁতার কাটার ব্যবস্থা না থাকিলে এই বিষয়ে Outsourcing সংক্রান্ত চুক্তিপত্র দাখিল করিতে হইবে;

(৪) মেরিন অ্যাকাডেমি/ইন্সটিটিউট-এর শিক্ষা/প্রশিক্ষণের প্রত্যেক শাখায় ন্যূনতম ০২ (দুই) জন মেরিটাইম বিষয়ে পেশাদার ব্যক্তিকে নিয়োগ প্রদান করিতে হইবে;

(৫) শিক্ষার্থীদের জাহাজে প্রশিক্ষণের জন্য মেরিন বা নেভাল অ্যাকাডেমি/ইন্সটিটিউট-এর সুদক্ষ প্রযুক্তিগত অবকাঠামো ব্যবস্থাপনা থাকিতে হইবে;

(৬) মেরিন বা নেভাল অ্যাকাডেমি/ইন্সটিটিউট-এ কোর্স চলাকালীন অন্তত ০৬ (ছয়) মাসের শিপবোর্ড ট্রেনিংয়ের এর ব্যবস্থা থাকিতে হইবে;

(৭) বিভিন্ন বিষয় যেমন: Bridge Watch Keeping Procedure, Passage Planning, Docking, Ships Safety, ISM, MARPOL, IGS, GMDSS, SOLAS, ISPS Code, Anchors and Cables, Boat Work, Hot-Work, ROR, Navigation, Cargo-work ইত্যাদির উপর ভিডিও, সিডিসহ প্রশিক্ষণে ডিভিডি'র ব্যবস্থা থাকিতে হইবে;

(৮) ল্যাঙ্গুয়েজ ল্যাবে ভাষাগত দক্ষতা উন্নয়নে পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা থাকিবে;

(৯) অনুশীলনের জন্য অ্যাকাডেমি/কলেজ/ইন্সটিটিউট-এর সুবিধাজনক জায়গায় জাহাজের অনুরূপ 'মাস্তুল আরোহন' ব্যবস্থা থাকিতে হইবে;

(১০) প্যারেড প্রশিক্ষণ, আউটডোর/ইনডোর (অভ্যন্তরীণ ও বাইরের) গেইমস, শারীরিক প্রশিক্ষণ ইত্যাদির সুবিধার জন্য কলেজ, অ্যাকাডেমি/ইন্সটিটিউটের অভ্যন্তরে জিমন্যাশিয়ামসহ পর্যাপ্ত জায়াগা থাকিতে হইবে এবং শিক্ষার্থীদের মধ্যে সুশৃঙ্খল জীবনবোধ সৃষ্টির লক্ষ্যে ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকান্ড পাঠক্রমের অর্ন্তভুক্ত থাকিতে হইবে;



(১১) প্রধান পাওয়ার সাপ্লাই বন্ধ হইলে, বিকল্প উৎস হইতে ০৫ মিনিটের মধ্যে বিদ্যুৎ সরবরাহ চালু করার ব্যবস্থা থাকিতে হইবে;

(১২) শিক্ষার্থীদের ইউনিফর্ম পরিধান করা বাধ্যতামূলক করিতে হইবে।

**৮। অধিভুক্তির জন্য আবেদন প্রক্রিয়া:**

আবেদনকারী কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট বিএসএমআরএমইউ কর্তৃক নির্ধারিত ফর্মে রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ বরাবর আবেদন করিবে। আবেদনে নিম্নোক্ত তথ্যাবলি সন্নিবেশ করিতে হইবে:

(১) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা;

(২) অধিভুক্তির জন্য আবেদনকৃত প্রোগ্রাম এবং কোর্সের বর্ণনা;

(৩) চত্বরের নকশা;

(৪) মৌলিক অবকাঠামোর বিস্তারিত বর্ণনা;

(৫) প্রতিষ্ঠানের প্রধান (কমান্ড্যান্ট/অধ্যক্ষ ইত্যাদি)-এর জীবনবৃত্তান্ত;

(৬) কর্মকর্তা/কর্মচারির পদভিত্তিক সংখ্যা;

(৭) প্রতিষ্ঠানের স্থায়ী সম্পদ, যাহা স্বাভাবিক দায়দেনা পরিশোধ করিয়া প্রতিষ্ঠানের ধারাবাহিক পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিশ্চয়তা বিধান করিবে, তাহার বর্ণনা;

(৮) কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী সম্পর্কিত তথ্যাবলি ও নিয়োগ নীতিমালা;

(৯) বোর্ড অব গভর্নরস/ট্রাস্টির বর্ণনা এবং গঠন নীতিমালা;

(১০) আবাসন সুবিধাদি এবং শিক্ষার্থী সংখ্যা;

(১১) শিক্ষক, অনুষদ সদস্য এবং পরিচালকদের শিক্ষাগত যোগ্যতা, বেতনকাঠামো এবং কর্মপরিধির বর্ণনা;

(১২) শিক্ষার্থীদের ওপর ধার্যকৃত যাবতীয় ফি বাবদ আয় এবং ভবন ও সরঞ্জামাদি বাবদ ব্যয়সহ প্রত্যাশিত আয়;

(১৩) ভবন ও ফাঁকা জায়গা, শ্রেণিকক্ষের সংখ্যা, আয়তন ও আসন বিন্যাস, অডিওভিজুয়্যাল সুবিধা, ল্যাবর‍্যাটরি সরঞ্জামাদি, ইত্যাদি;

(১৪) কলেজ/ ইন্সটিটিউট/অ্যাকাডেমি-এর প্রধান/অধ্যক্ষ/কমান্ড্যান্ট-এর

বাসস্থান, প্রতিষ্ঠানের খেলার মাঠ, জিমন্যাশিয়াম, ইত্যাদি;

(১৫) কলেজ/ ইন্সটিটিউট/অ্যাকাডেমি-এর সমাপ্ত ও চলমান উন্নয়ন প্রকল্প/কার্যক্রম;

(১৬) বই, জার্নাল এবং ইন্টারনেট সংযোগসহ গ্রন্থাগারের বিস্তারিত বর্ণনা;

(১৭) বিশ্ববিদ্যালয়ের অভিভুক্ত হওয়ার জন্য ইতঃপূর্বে আবেদন দাখিল করা হইলে সে সম্পর্কিত তথ্য;

(১৮) অতীতে কোনো প্রতিষ্ঠানের অধিভুক্ত থাকিলে সে সম্পর্কিত তথ্য।

৯। **অধিভুক্তি প্রক্রিয়া:**

(১) উপরিউক্ত বিষয় কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউটের আবেদন প্রাপ্তির পর রেজিস্ট্রার কর্তৃক তাহা ভাইস চ্যান্সেলর এর নিকট উপস্থাপন করিতে হইবে। আবেদনে বর্ণিত অ্যাকাডেমিক, প্রশাসনিক এবং আর্থিক তথ্যাবলির পরিপ্রেক্ষিতে আবেদনকারী প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য ভাইস চ্যান্সেলর একটি আদেশ জারি করিবেন। ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে এক বা একাধিক সদস্যের সমন্বয়ে পরিদর্শকসহ পরিদর্শন টিম গঠিত হইবে;

(২) পরিদর্শন টিম সরেজমিন পরিদর্শনপূর্বক ভাইস চ্যান্সেলর কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে একটি প্রতিবেদন অ্যাফিলিয়েশন কমিটির নিকট পেশ করিবে;

(৩) পরিদর্শন টিমের প্রতিবেদন অ্যাফিলিয়েশন কমিটি কর্তৃক মূল্যায়নপূর্বক অ্যাকাডেমিক কাউন্সিলে উপস্থাপন করিতে হইবে;

(৪) সিন্ডিকেট অ্যাকাডেমিক কাউন্সিলের সুপারিশের ভিত্তিতে কলেজ/ইন্সটিটিউট/অ্যাকাডেমি এবং তাহাদের অধীন পরিচালিত কোর্স/বিষয়/বিভাগ/কারিকুলাম ইত্যাদি অধিভুক্তির অনুমোদন প্রদান করিতে পারিবে;

(ক) সিন্ডিকেট যে তারিখ যুক্তিযুক্ত মনে করিবে সেই তারিখ হইতে অধিভুক্তি কার্যকর হইবে।

(খ) সিন্ডিকেট কোনো প্রতিষ্ঠানকে অধিভুক্তির অযোগ্য মনে করিলে সেই প্রতিষ্ঠানের আবেদন না-মঞ্জুর করিবে।

(৫) কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট অধিভুক্তির সময় এক বা একাধিক সুনির্দিষ্ট কোর্স/প্রোগ্রাম/বিষয়/বিভাগের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুমোদন



লাভ করিবে। অধিভুক্ত কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট প্রত্যেক সেশনে কতজন শিক্ষার্থী ভর্তি করিতে পারিবে, অধিভুক্তির মঞ্জুরিপত্রে তাহার সুস্পষ্ট উল্লেখ থাকিবে। অধিভুক্তির অনুমোদনপত্রে উল্লিখিত কোর্স/বিষয়/বিভাগ ব্যতীত অধিভুক্ত প্রতিষ্ঠান নূতন কোনো কোর্স/বিষয়/বিভাগ চালু করিতে পারিবে না এবং শিক্ষার্থীর সংখ্যাও বৃদ্ধি করিতে পারিবে না।

(৬) অধিভুক্তি ০১ বছরের জন্য অস্থায়ী ভিত্তিতে মঞ্জুর করা হইবে এবং প্রত্যেক বছর তাহা নবায়ন করিতে হইবে। কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট বা উহার অধীন কোর্স বা প্রোগ্রামের স্থায়ী অধিভুক্তির অনুমোদন ক্ষমতা সিন্ডিকেট যেরূপ উপযুক্ত মনে করিবে, সেইরূপ নির্ধারণ করিতে পারিবে।

(৭) সংবিধি অনুসারে অধিভুক্তি মঞ্জুরির মেয়াদ ও শর্তাবলি সিন্ডিকেট যেরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করিবে, সেইরূপ মেয়াদ এবং শর্তাবলি নির্ধারণ করিতে পারিবে।

১০। **নূতন অ্যাকাডেমিক কোর্স/প্রোগ্রামের স্বীকৃতির জন্য আবেদনের শর্তাবলি:**

(১) অনুচ্ছেদ ৯ অনুসারে অধিভুক্ত প্রতিষ্ঠানে নূতন অ্যাকাডেমিক কোর্স/প্রোগ্রাম/বিষয়/বিভাগের স্বীকৃতির জন্য নিম্নরূপ শর্তপূরণ সাপেক্ষে আবেদন করিতে হইবে;

(ক) বিদ্যমান কোর্স সফলভাবে পরিচালনা করার সক্ষমতা থাকিতে হইবে এবং অন্তত ০২ ব্যাচ শিক্ষার্থীর শিক্ষা সমাপনের হার সন্তোষজনক হইতে হইবে;

(খ) ইতোমধ্যে শিক্ষা সমপনকারী শিক্ষার্থীদের কর্মক্ষেত্রে যোগদানের হার (Employment) সন্তোষজনক হইতে হইবে।

(২) সিন্ডিকেট অ্যাকাডেমিক কাউন্সিলের সুপারিশের ভিত্তিতে নূতন একাডেমিক কোর্স/প্রোগ্রামের স্বীকৃতি প্রদান করিবে।

(৩) কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট এর নূতন কোর্স/প্রোগ্রামের স্বীকৃতির আবেদনে নিম্নোক্ত তথ্যাবলি প্রদান করিতে হইবে;

(ক) যেসকল কোর্স/প্রোগ্রামের স্বীকৃতির জন্য আবেদন করা হইয়াছে, উহার মান ও বিষয়;

(খ) নূতন কোর্স/প্রোগ্রাম পরিচালনা করিবার জন্য পর্যাপ্ত অবকাঠামোসহ অডিওভিজুয়াল সুযোগ-সুবিধা ইত্যাদি;

(গ) লাইব্রেরি, ল্যাবরেটরি উপকরণ ইত্যাদির বর্ণনা এবং যে সংখ্যক শিক্ষার্থীর জন্য আবাসনের ব্যবস্থা করা হইয়াছে এবং করা যাইবে, তাহার সংখ্যা;

(ঘ) শিক্ষকদের যোগ্যতা, কাজের পরিধি, বেতন-ভাতাদি, চাকরির শর্ত এবং কাজের সুনির্দিষ্ট সময় ও কর্মঘন্টা;

(ঙ) প্রতিষ্ঠানের প্রধান এবং অন্যান্য স্টাফের বাসস্থান এবং ছাত্রাবাস, খেলার মাঠ সংক্রান্ত তথ্যাদি;

(চ) ছাত্রদের উপর ধার্যকৃত ও প্রস্তাবিত ফি এবং আনুমানিক আয়ের বিবরণ এবং প্রতিষ্ঠানের মূল ব্যয়, উপকরণ ও আবর্তক ব্যয়;

(ছ) কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউটের নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য প্রণীত আর্থিক বিধান সম্পর্কিত তথ্য।

(৪) সিন্ডিকেট দ্বারা নির্ধারিত অন্যান্য যে কোনো বিষয় সম্পর্কিত তথ্য।

**১১। অধিভুক্তির জন্য আবেদন এবং এতৎসংক্রান্ত ফি:**

(১) কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট এর প্রতিটি প্রোগ্রামের জন্য আবেদন ফি, প্রথম অধিভুক্তির ফি ও বার্ষিক নবায়ন ফি আলাদাভাবে সিন্ডিকেট কর্তৃক সময় সময় নির্ধারিত হইবে;

(২) আবেদন ফি প্রদান করা না হইলে আবেদন গ্রহণযোগ্য হইবে না;

(৩) অধিভুক্তি মঞ্জুরির পর অধিভুক্তি ফি এবং নির্দিষ্ট সময়ান্তে অধিভুক্তি নবায়ন ফি প্রদান করিতে হইবে এবং অধিভুক্তি নবায়নের ক্ষেত্রে একই পদ্ধতি অনুসরণ করিতে হইবে;

(৪) নবায়নের ক্ষেত্রে সংবিধি মোতাবেক সম্পাদিত পরিদর্শনের প্রতিবেদন বিবেচনা করিতে হইবে, প্রয়োজনে বিশেষ পরিদর্শন করা যাইবে;

(৫) স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত অডিট প্রতিবেদন পরীক্ষা করিতে হইবে;

(৬) সকল ফি অফেরতযোগ্য।



**১২। অতিরিক্ত ক্যাডেট/শিক্ষার্থী ভর্তিকরণ:**

অধিভুক্ত কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত অতিরিক্ত সংখ্যক শিক্ষার্থী ভর্তি করা বা ভর্তির জন্য ভর্তি বিজ্ঞপ্তি প্রদান করিতে পারিবে না।

**১৩। অধিভুক্তি বাতিলকরণ:**

(১) বিএসএমআরএমইউ নিম্নোক্ত পরিস্থিতিতে কোনো কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউটের অধিভুক্তি বাতিল করিতে পারিবে;

(ক) অধিভুক্তি প্রদানের সময় প্রদত্ত শর্তপূরণে ব্যর্থতা;

(খ) প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা বজায় না রাখা;

(গ) কমান্ড্যান্ট/অধ্যক্ষ/ডেপুটি কমান্ড্যান্ট/শিক্ষক ও অন্যান্য কর্মকর্তা এবং কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বিধিবদ্ধ নিয়মাবলি/পদ্ধতি অনুসরণ না করা;

(ঘ) বিএসএমআরএমইউ জারিকৃত বিধি ও নিয়ম অনুসরণে ব্যর্থতা;

(ঙ) বিএসএমআরএমইউ কর্তৃক সময় সময় জারিকৃত অ্যাকাডেমিক ও প্রশাসনিক নির্দেশাবলি অনুসরণ না করা;

(চ) বিএসএমআরএমইউ এর পূর্ব অনুমোদন ব্যতীত প্রতিষ্ঠানের ক্যাম্পাস স্থানান্তর করা;

(ছ) কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট যে নামে অধিভুক্ত হইয়াছিল, সেই নামের কোনো সংযোজন, বিয়োজন অথবা অন্য কোনোরূপ পরিবর্তন করা;

(২) অধিভুক্ত প্রতিষ্ঠানের বিষয়ে কোনো অস্বচ্ছতা/অনিয়ম পরিলক্ষিত হইলে সিন্ডিকেট অ্যাকাডেমিক কাউন্সিলের সুপারিশ বিবেচনা ও যথাযথ তদন্ত এবং সংশ্লিষ্ট অনুষদের সঙ্গে পরামর্শক্রমে কোনো কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট-এর অধিভুক্তি বাতিল করিতে পারিবে;

(৩) সিন্ডিকেট তদন্তের সময় সংশ্লিষ্ট কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট-এর প্রধান বা তাহার প্রতিনিধি/প্রতিনিধিগণকে উপস্থিত হইয়া অভিযোগের বিষয়ে বক্তব্য উপস্থাপনের সুযোগ প্রদান করিবে এবং সিন্ডিকেটের সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবহিত করিতে হইবে। অধিভুক্তি প্রত্যাহারের

বিষয়ে সিদ্ধান্ত হইলে এইরূপ সিদ্ধান্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে চ্যান্সেলরের নিকট আপিল পেশ করা যাইবে এবং চ্যান্সেলরের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

**১৪। অ্যাফিলিয়েশন কমিটি:** নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে অ্যাফিলিয়েশন কমিটি গঠিত হইবে, যথা:

(১) ভাইস চ্যান্সেলর, যিনি উহার সভাপতি হইবেন;

(২) প্রো-ভাইস চ্যান্সেলর;

(৩) ট্রেজারার;

(৪) রেজিস্ট্রার;

(৫) সকল অনুষদের ডিন;

(৬) সংশ্লিষ্ট বিভাগ/বিভাগসমূহের প্রধান/প্রধানগণ;

(৭) পরীক্ষা নিয়ন্ত্রক;

(৮) কলেজ, অ্যাকাডেমি বা ইন্সটিটিউট পরিদর্শক, যিনি অ্যাফিলিয়েশন কমিটির সদস্য সচিব হইবেন;

(৯) কমিটি, প্রয়োজনে, বিশেষজ্ঞ/বিশেষজ্ঞদের কো-অপ্ট করিতে পারিবে।

**১৫। অ্যাফিলিয়েশন কমিটির দায়িত্ব ও কার্যাবলি:**

(১) অধিভুক্ত কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউটসমূহে এই সংবিধি প্রয়োগ করিবার জন্য দিক-নির্দেশনা প্রদান;

(২) অধিভুক্ত কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউটসমূহে শিক্ষার মান বজায় রাখার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

(৩) অধিভুক্তি, অধিভুক্তি নবায়ন, আসনসংখ্যা বৃদ্ধি, পরীক্ষাকেন্দ্র নির্ধারণ ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়সহ অধিভুক্ত কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউটসমূহের সকল অ্যাকাডেমিক কর্মকান্ড পর্যালোচনা এবং এতদ্বিষয়ে অ্যাকাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটের নিকট প্রতিবেদন/মতামত উপস্থাপন;

(৪) অধিভুক্ত কোনো কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট এই সংবিধির কোনো বিধান লঙ্ঘন করিলে বা বিধান পরিপন্থি কাজ করিলে সংশ্লিষ্ট কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউটের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য অ্যাকাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটে প্রস্তাব পেশ;

(৫) অধিভুক্তি, অধিভুক্তি নবায়ন, পরিদর্শন ও পরীক্ষার সাথে সংশ্লিষ্ট



ব্যক্তি ও ব্যক্তিগণের বিরুদ্ধে লিখিত অভিযোগ উত্থাপিত হইলে সেই বিষয়ে তদন্ত কমিটি গঠন এবং অভিযোগ প্রমাণিত হইলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য অ্যাকাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটের নিকট প্রতিবেদন প্রেরণ।

**১৬। অ্যাফিলিয়েশন কমিটির সভা:**

(১) সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে কমিটির সভা অনুষ্ঠিত হইবে এবং সভাপতির নির্দেশ অনুসারে কমিটি সদস্য সচিব আলোচ্যসূচি নির্ধারণপূর্বক সভা আহবান করিবেন;

(২) কমিটির সকল সভায় অ্যাফিলিয়েশন কমিটির সভাপতি হিসাবে ভাইস চ্যান্সেলর সভাপতিত্ব করিবেন, তবে কোনো কারণে সভাপতি অনুপস্থিত থাকিলে প্রো-ভাইস চ্যান্সেলর সভায় সভাপতিত্ব করিবেন। প্রো-ভাইস চ্যান্সেলর এর পদ শূন্য থাকিলে ট্রেজারার সভাপতিত্ব করিবেন;

(৩) কমপক্ষে এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হইবে;

(৪) উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হইবে; তবে ভোটের সমতার ক্ষেত্রে সভার সভাপতির একটি নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে;

(৫) এই সংবিধি সাপেক্ষে অ্যাফিলিয়েশন কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

**১৭। কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট পরিদর্শক (ইন্সপেক্টর অব ইন্সটিটিউশনস) এর দায়িত্ব ও কার্যাবলি:**

(১) অধিভুক্তি ও অধিভুক্তি নবায়নের আবেদনসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক অ্যাফিলিয়েশন কমিটিকে মতামত ও সুপারিশ প্রদান;

(২) অধিভুক্ত প্রতিষ্ঠান, প্রয়োজন অনুযায়ী, তবে বৎসরে ন্যূনপক্ষে ০১ (এক) বার পরিদর্শন করা এবং প্রতিবেদন প্রদান করা;

(৩) প্রতিবেদনে নিম্নোক্ত বিষয়াদি থাকিবে:

(ক) প্রতিষ্ঠানের বাৎসরিক অডিট প্রতিবেদন পর্যালোচনাপূর্বক মতামত;

(খ) শিক্ষার গুণগত মান তথা পাঠদান ও কোর্স পরিচালনা ও বিভিন্ন পরীক্ষায় শিক্ষার্থীদের ফলাফল (Performance) সম্পর্কে পরিসংখ্যান ভিত্তিক মতামত;

(গ) বাৎসরিক উন্নয়ন কর্মকান্ডের তথ্যাবলি;

(ঘ) অ্যাকাডেমিক, ব্যবহারিক ও এক্সট্রাকারিকুলার সুবিধাদি, যেমন-খেলার মাঠ, গ্রন্থাগার, বোটিং, জাহাজে হাতে কলমে প্রশিক্ষণ ইত্যাদি মূল্যায়ন;

(ঙ) বিদ্যমান শিক্ষার্থীর সংখ্যা;

(চ) চলমান কোর্স ও প্রোগ্রামের সংখ্যা;

(ছ) প্রতিষ্ঠানের শিক্ষার মান ও সার্বিক কার্যক্রম সম্পর্কে শিক্ষার্থীদের মূল্যায়ন সরাসরি অবহিত হওয়া এবং তা প্রতিবেদনে উল্লেখ করা;

(জ) প্রতিষ্ঠানের যাবতীয় আয়-ব্যয় যাচাই এবং তৎসংশ্লিষ্ট রেকর্ডপত্র গুরুত্বানুসারে পরীক্ষাপূর্বক মতামত প্রদান।

(৪) সিন্ডিকেট কর্তৃক নির্দেশিত নিম্নোক্ত বিষয়সমূহ সমন্বয়, উপস্থাপন ও নিশ্চিতকরণ:

(ক) কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট এর শিক্ষার মান যাচাইয়ের জন্য যে কোনো তথ্য, রিপোর্ট, রিটার্ন ইত্যাদি উপস্থাপন করা;

(খ) সিন্ডিকেট কর্তৃক সময় সময় গঠিত পরিদর্শন টিমের মাধ্যমে কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট পরিদর্শন সংগঠিত করা;

(গ) সিন্ডিকেটের সিদ্ধান্তক্রমে পরিদর্শনকৃত কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট-এর বিরুদ্ধে যে কেনো ব্যবস্থা বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক সিন্ডিকেট নির্দেশিত যে কোন কার্যক্রম গ্রহণ নিশ্চিতকরণ।

(৫) কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট-এর শিক্ষা সংশ্লিষ্ট কার্যক্রমের সমন্বয় ও দক্ষতা নিশ্চিত করিবার লক্ষ্যে, প্রয়োজনে এবং ভাইস চ্যান্সেলর এর নির্দেশক্রমে, অ্যাকাডেমিক কাউন্সিলের সদস্য হিসেবে দায়িত্ব পালন;

(৬) ভাইস চ্যান্সেলর এর নির্দেশনাক্রমে বিশ্ববিদ্যালয় এবং অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষাসংশ্লিষ্ট অন্যান্য যে কেনো দায়িত্ব পালন;

(৭) অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক এই অধিভুক্তি সংবিধি পরিপালন নিশ্চিতকরণ এবং সময় সময় উহার সংযোজন, বিয়োজন, পরিমার্জনের উপর পরামর্শ প্রদান ও তাহা অনুমোদনের ব্যবস্থা গ্রহণ।

**১৮। সংবিধিতে অন্তর্ভুক্ত নহে এইরূপ বিষয়:**

(১) অধিভুক্তকরণ, অধিভুক্তি বাতিল বা এতৎসংশ্লিষ্ট কোনো বিষয়ে



এই সংবিধিতে পর্যাপ্ত বিধান না থাকিলে অধিভুক্তি সম্পর্কিত প্রচলিত অন্যান্য আইন, বিধিমালা, আদেশ, নির্দেশ বা নিয়মাবলি অনুসরণ করা হইবে এবং এইরূপ অনুসরণে কোনো অসুবিধার উদ্ভব হইলে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের সিদ্ধান্ত অনুসারে তাহা নিরসন করিতে হইবে;

(২) এই সংবিধির কোনো অনুচ্ছেদ বা বিধানের ব্যাখ্যা সম্পর্কিত অস্পষ্টতার ক্ষেত্রে সিন্ডিকেটের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

**সিনেটের অনুমোদনক্রমে**

সংযুক্ত পরিশিষ্ট-ক

পরিশিষ্ট-ক

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

## কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট এবং ইহার অধীন পরিচালনার নিমিত্ত কোর্স/শিক্ষা কারিকুলাম/প্রোগ্রামের অধিভুক্তির জন্য আবেদন ফরম

(ফরমটি বিএসএমআরএমইউ এর ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে প্রয়োজনে সময় সময় পরিবর্তন করা যাইবে)

১। **কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট এর নাম:**...............................

ক। কোর্সের/প্রোগ্রামের নাম: ........................................

খ। শিক্ষাবর্ষ:..........................................................

২। **ঠিকানা:** গ্রাম/মহল্লা/ওয়ার্ড:............................................
পোস্ট অফিস:.........................উপজেলা/থানা:..................
জেলা:................ফোন:............ই-মেইল/ওয়েবসাইট:...........

৩। **কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট প্রতিষ্ঠার তারিখ ও সন:**

ক। কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট সরকারি হিসাবে প্রতিষ্ঠার তারিখ:

খ। কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট বেসরকারি হিসেবে প্রতিষ্ঠিত কিন্তু পরবর্তীতে সরকারিকরণকৃত (প্রথম প্রতিষ্ঠা ও সরকারিকরণের তারিখ ও সন পৃথকভাবে দেখাইতে হইবে):

গ। বেসরকারি কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট হিসেবে প্রতিষ্ঠিত এবং বর্তমানে যেভাবে পরিচালিত:

৪। **কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট পূর্বে কোনো বিশ্ববিদ্যালয় কর্তৃক অধিভুক্ত হইয়া থাকিলে সংশ্লিষ্ট কোর্সসমূহের উল্লেখ:**

৫। **পরিচালনা পর্ষদ** (সভাপতির বিস্তারিত বিবরণসহ) **ও মেয়াদকাল:**

৬। **শিক্ষক এবং অন্যান্য স্টাফের পে-স্কেল** (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাইতে পারে):

| পদ/নিয়োগ | পূর্ণকালীন/খন্ডকালীন | সংখ্যা | বেতনস্কেল | বেতন | ভাতা | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |



৭। **পরিচালক এবং বিষয়ভিত্তিক শিক্ষকগণের তালিকা** (নাম, বয়স, এসএসসি থেকে স্নাতকোত্তর পর্যন্ত প্রাপ্ত গ্রেড/বিভাগ এবং পাশের সালসহ শিক্ষাগত যোগ্যতা, যোগদানের তারিখ, শিক্ষকতার অভিজ্ঞতা, সাপ্তাহিক কর্মঘন্টা, গবেষণাকর্ম, প্রকাশনা ইত্যাদি):

৮। **কোর্স, শ্রেণি ও বর্ষভিত্তিক সকল ছাত্র/ছাত্রীর সংখ্যার বিস্তারিত বিবরণ (তথ্য প্রদানের তারিখ...............):**

| কোর্স | শ্রেণি | | | | মোট ছাত্র/ছাত্রীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | ১ম বর্ষ | ২য় বর্ষ | ৩য় বর্ষ | ৪র্থ বর্ষ | |
| | | | | | |
| সম্মান (বিষয়ভিত্তিক) | | | | | |
| | | | | | |
| স্নাতকোত্তর (বিষয়ভিত্তিক) | | | | | |

৯। **শিক্ষা কার্যক্রমের বিবরণ:**

ক। ক্লাস রুটিন (সম্মান, স্নাতকোত্তর শ্রেণির জন্য তত্ত্বীয়, ব্যবহারিক ও টিউটোরিয়াল ক্লাসের কলেজ রুটিন):

খ। কলেজ পরীক্ষার বিবরণ (পৃথকভাবে কলেজ/অ্যাকাডেমি অধ্যক্ষ/কমান্ড্যান্ট ও বিভাগীয় প্রধানের তত্ত্বাবধানে টিউটোরিয়াল, সাপ্তাহিক, মাসিক, সাময়িক, বার্ষিক, ক্লাস টেস্ট, নির্বাচনী ইত্যাদি পরীক্ষার বিবরণী এবং ফলাফল সংরক্ষণ, পর্যালোচনা ও মানোন্নয়ন পদ্ধতি):

গ। ছাত্র/ছাত্রীদের দৈনিক উপস্থিতির গড়:..........শতকরা:........

ঘ। ছাত্র/ছাত্রীদের এককালীন ও মাসিক বেতনের বিবরণ (কোর্স/প্রোগ্রাম অনুযায়ী):..........................................

১০। **অধিভুক্তি ফি জমা দেওয়া হইয়াছে কিনা এবং যদি হইয়া থাকে- কোন শিক্ষা বর্ষের জন্য কী পরিমাণ এবং পরিশোধের মাধ্যম (পে-অর্ডার, ব্যাংক ড্রাফট ইত্যাদি):**................................................
(ব্যাংক ড্রাফট 'বিএসএমআরএমইউ জেনারেল ফান্ড'-এর অনুকূলে হইতে হইবে)।

১১। **কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট এর শিক্ষার্থীদের পরীক্ষার ফলাফল:**

| কোর্স | ক্লাসের ছাত্র/ছাত্রী সংখ্যা | পরীক্ষার্থীর সংখ্যা | পাশের সংখ্যা | | | | মোট | শতকরা পাশের হার |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ১ম শ্রেণি/ সিজিপিএ | ২য় শ্রেণি/ সিজিপিএ | ৩য় শ্রেণি/ সিজিপিএ | ৪র্থ শ্রেণি/ সিজিপিএ | | |
| | | | | | | | | |

১২। **গ্রন্থাগারের বিবরণ:**

ক। প্রার্থিত কোর্স/বিষয়ের পুস্তক সংখ্যা:
(তালিকা দিতে হইবে)

খ। গ্রন্থাগারে সংরক্ষিত মোট গ্রন্থ সংখ্যা:................................
মোট সাময়িকী/জার্নাল সংখ্যা:..................................................
(সংরক্ষিত বিষয়ভিত্তিক একটি সমগ্র তালিকা প্রস্তুত করিয়া দিতে হইবে)

গ। গ্রন্থাগারের মেঝের মোট আয়তন:......................(বর্গমিটার)।
পাঠ কক্ষের মেঝের মোট আয়তন:..............................(বর্গমিটার)।

ঘ। গত শিক্ষাবর্ষে গ্রন্থাগার খাতে মোট বরাদ্দ টাকা:.....প্রকৃতব্যয় টাকা:......

ঙ। গত শিক্ষাবর্ষে গ্রন্থাগারে সংযোজিত গ্রন্থসংখ্যা:.....................

চ। সাময়িকী/জার্নাল সংখ্যা:

ছ। দৈনিক বই ইস্যুর গড়:

জ। গ্রন্থাগারিকের যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ:

ঝ। গ্রন্থাগারে নিযুক্ত অন্যান্য কর্মচারীর সংখ্যা ও যোগ্যতা:

১৩। **ব্যবহারিক পরীক্ষাগারের বিবরণ:**

ক। অবকাঠামো ও অন্যান্য সুবিধাবলি:

| ক্রমিক | বিষয় | পরীক্ষাগারের মেঝের আয়তন | গ্যাস, পানি ও বিদ্যুতের ব্যবস্থা | ডিগ্রী (পাস, সম্মান ও স্নাতকোত্তর) সিলেবাসে বর্ণিত ব্যবহারিক পরীক্ষা পরিচালনা করার উপযোগী যন্ত্রপাতি (শতকরা হিসাবে) |
|---|---|---|---|---|
| | | | | |

খ। যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদির তালিকা ও প্রতিটির সংখ্যা:......

গ। মডেল, চার্ট, স্পেসিমেনের তালিকা ও প্রতিটির সংখ্যা:............

ঘ। ব্যবহারিক অন্যান্য শিক্ষা উপকরণ:..................................

১৪। **ভূমির বিবরণ:**

ক। সর্বমোট ভূমির পরিমাণ:................................................

খ। ভূমি এবং সংযুক্ত এলাকা:.............................................

গ। হস্টেল:.......................................................................

ঘ। খেলার মাঠ:..................................................................

ঙ। উন্মুক্ত স্থান/অন্যান্য:..................................................



১৫। **ভবনসমূহের বর্ণনা** (সংখ্যা , দৈর্ঘ্য, প্রস্থ, ফ্লোরের মোট আয়তন এবং ধরণ ):.......................................................................

ক। শ্রেণিকক্ষ (সংখ্যা, দৈর্ঘ্য, প্রস্থ, ফ্লোরের মোট আয়তন, আসবাবপত্র ইত্যাদি):............................................

খ। প্রশাসনিক কাজে ব্যবহৃত ভবন:........................................

গ। কমনরুম (ছাত্রী):.......................................................

ঘ। কমনরুম (ছাত্র):.........................................................

ঙ। মিলনায়তন:................................................................

চ। শরীরচর্চা কেন্দ্র:.........................................................

ছ। হস্টেল (ফ্লোরের আয়তন):..............................................

জ। প্রতিষ্ঠান প্রধানের আবাসন:..........................................

ঝ। শিক্ষকগণের আবাসন:..................................................

ঞ। বিবিধ (নাম উল্লেখ করুন):..........................................

ট। ভূমি, ইমারত এবং অন্যান্য স্থায়ী সম্পত্তিসমূহ যে উপায়ে আইনগতভাবে স্বত্বভুক্ত তার বিবরণ (ভূসম্পত্তির নিবন্ধন পত্রসমূহের অনুলিপি/ফটোকপি সংযুক্ত করিতে হইবে):

১৬। **ছাত্র/ছাত্রীদের পাঠ্যক্রম অনুযায়ী শিক্ষা কার্যক্রমের বিবরণ:**

ক। ডিগ্রী/প্রশিক্ষণপ্রাপ্ত শরীরচর্চা শিক্ষক:

খ। যেসব উল্লেখযোগ্য খেলাধুলার ব্যবস্থা বিদ্যমান:

গ। অ্যাথলেটিক্স, জিমন্যাস্টিক্স ও শরীরচর্চা:

ঘ। বিএনসিসি, রোভার স্কাউট, গার্লস গাইড ইত্যাদি:

ঙ। কলেজ ম্যাগাজিন বা অন্যান্য প্রকাশনা এবং সাংস্কৃতিক কার্যক্রম:

১৭। **কম্পিউটার ল্যাবের বিবরণ:**

ক। কম্পিউটারের সংখ্যা:.....................................................

খ। ইন্টারনেট সংযুক্তি:......................................................

গ। অন্যান্য আধুনিক আইটি ব্যবস্থা (যদি থাকে):.......................

১৮। **কলেজ/প্রতিষ্ঠানের সম্পত্তি এবং দায় সমূহ:**

ক। বিভিন্ন তহবিলে রক্ষিত অর্থ:

(১) সঞ্চিত তহবিল:.............................................

(২) প্রভিডেন্ট ফান্ড (ভবিষ্য তহবিল):........................

(৩) সাধারণ তহবিল (জেনারেল ফান্ড):.......................

(৪) স্থায়ী আমানত (এফডিআর):.....................................

খ। বিগত অর্থবৎসর ( ) আয়:

(১) টিউশন ফি:.........................................................

(২) স্থায়ী সম্পত্তি হইতে উপার্জন:....................................

(৩) সরকারি অনুদান:.................................................

(৪) অন্যান্য উৎসসমূহ:...............................................

গ। সম্ভাব্য আয়: চলমান অর্থবৎসর: মোট:.......................

(১) টিউশন ফি:.......................................................

(২) স্থায়ী সম্পত্তি হইতে উপার্জন:....................................

(৩) সরকারি অনুদান:.................................................

(৪) অন্যান্য উৎসসমূহ:...............................................

ঘ। বিগত অর্থবৎসর ( ) ব্যয়:

(১) শিক্ষক ও অন্যান্য স্টাফের বেতন:...............................

(২) ব্যবহারিক পরীক্ষার জন্য ব্যয়:...................................

(৩) স্টেশনারি ক্রয়:....................................................

(৪) গ্রন্থাগারের বই ক্রয়:..............................................

(৫) রক্ষণাবেক্ষণ:.......................................................

(৬) ট্যাক্স ও ভাড়া ইত্যাদি:..........................................

(৭) বৃত্তি, খেলাধুলা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন:..........

(৮) বিবিধ:............................................................

ঙ। সম্ভাব্য ব্যয়: চলমান অর্থবৎসর: মোট:.......................

(১) শিক্ষক ও অন্যান্য স্টাফের বেতন:...............................

(২) ব্যবহারিক পরীক্ষার জন্য ব্যয়:...................................

(৩) স্টেশনারি ক্রয়:....................................................

(৪) গ্রন্থাগারের বই ক্রয়:..............................................

(৫) রক্ষণাবেক্ষণ:.......................................................

(৬) ট্যাক্স ও ভাড়া ইত্যাদি:..........................................

(৭) বৃত্তি, খেলাধুলা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন:...........

(৮) বিবিধ:............................................................

চ। স্বীকৃত অডিট প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত সর্বশেষ অডিট প্রতিবেদনের কপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত)।



**১৯। গত ১২ মাসে শৃঙ্খলাভঙ্গের কোনো ঘটনা সংঘটিত হইয়া থাকিলে, প্রতি ক্ষেত্রে কোন ধরনের শাস্তি প্রদান করা হইয়াছে তাহার উল্লেখ:**

**২০। শিক্ষক-ছাত্র সম্পর্ক উন্নয়ন এবং সামাজিক জীবন পরিপুষ্টির জন্য প্রতিষ্ঠানে কোনো সম্মিলিত কার্যক্রম আছে কিনা, থাকিলে তৎসম্পর্কিত বিবরণ:**

**২১। কোনো ভবিষ্য তহবিল আছে কিনা এবং যদি থাকে, সেইক্ষেত্রে:**

ক। কর্মচারী কর্তৃক প্রদত্ত টাকার হার:

খ। কলেজ কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত অর্থের হার:

গ। অদ্যাবধি জমাকৃত টাকার পরিমাণ এবং জমাকৃত অর্থ বিনিয়োগের ধরণ:

ঘ। স্টাফ/কর্মচারীদের জন্য কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ডের কোনো বিধান থাকিলে, ব্যক্তি এবং প্রতিষ্ঠানের শতকরা জমার হার এবং উক্ত অর্থ কীভাবে বিনিয়োগ করা হয়, তৎসম্পর্কিত তথ্যাবলি।

**২২। এতৎসংশ্লিষ্ট অন্য যে কোন বিষয়:**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরে প্রদত্ত সকল তথ্য সত্য ও সঠিক।

তারিখ.......................

**কলেজ/অ্যাকাডেমি/ইন্সটিটিউট প্রধান**

(স্বাক্ষর ও সিল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৮০.১৩.০০২.১৮-২৪

তারিখ: ০৯ মাঘ ১৪২৫
২২ জানুয়ারি ২০১৯

বিষয় : 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট অধিভুক্তি সংবিধি, ২০১৮' অনুমোদন।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর কর্তৃক 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট অধিভুক্তি সংবিধি, ২০১৮' অনুমোদিত হয়েছে।

২.০ এমতাবস্থায়, "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর কলেজ, অ্যাকাডেমি ও ইন্সটিটিউট অধিভুক্তি সংবিধি, ২০১৮" এর অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

(সৈয়দ আলী রেজা)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪৫০৩২
ds_stp@moedu.gov.bd

উপাচার্য
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি
বাংলাদেশ মিরপুর-১২, ঢাকা।

অনুলিপি :

১. অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. রেজিষ্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ মিরপুর-১২, ঢাকা।

৩. ইন্সপেক্টর অব ইন্সটিটিউশনস, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ মিরপুর-১২, ঢাকা।

৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬. সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭. অফিস কপি/ সংরক্ষণ কপি।

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ**

১৪/০৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬
ফোনঃ ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্সঃ +৮৮০২৫৮০৫১০১০
ই-মেইলঃ info@bsmrmu.edu.bd
ওয়েবসাইটঃ www.bsmrmu.edu.bd